# আইস, আমার পশ্চাদ্‌গামী হও

ঠিক আছে, না, সেটি বেকির জন্মের আগে। আর তাই আমি—আমি ভাবলাম, "ঠিক আছে, আপনারা জানেন..." আমি—আমি এক বাটি ওটমিল খেয়েছিলাম, দশ সেন্ট মূল্যের। ঠিক আছে, আমি শুধু...তারা আমাকে আমার রশিদ দেন, আর এটি স্বাক্ষর করে, আপনারা দেখুন, আমি এর জন্য অর্থ দিয়েছি, এটি ফিরিয়ে দিই, আর আমি এটি ভিতরে রেখে দিই, কারণ আমার একটি ব্যয়ের হিসাব ছিল।

2 আর একদিন যখন আমাদের একটি—একটি হিসাব রক্ষকের সভা হচ্ছিল। "আমার," তারা বলল, "কে এই ব্যক্তি যিনি এটি এখানে রেখেছেন ?" দেখুন ? সেই—সেই প্রধান ব্যক্তি, আপনারা জানেন, "একটি প্রাতঃরাশের জন্য দশ সেন্ট ?" এটি অন্যান্যদের কাছে সত্যিই সস্তা দেখায়, আপনারা জানেন। তাদের মধ্যে কেউ কেউ ডলারে রশিদ দিয়েছিলেন, দেখুন; রাতের খাবারের জন্য দুই ডলার। আর আমি ঠিক এটা যা ছিল তাই দিয়েছিলাম।

3 ঠিক আছে, আমি বললাম, "ঠিক আছে, এখন, সেখানে এটি রাখার আমার কোন প্রয়োজন নেই...আমি যদি দশ সেন্ট খাই তবে আমি কি করব ?"

4 মিস্টার ফিল্ডস, যিনি সহকারী সুপারিনটেনডেন্ট ছিলেন, তিনি বললেন, "বিলি, একটি ডলার দিন, যেভাবেই হোক, অন্তত।" বললেন, "বাকিরা সেটাই করছে।" বললেন, "আপনাকে সেটা একসাথে রাখতে হবে।"

5 "ঠিক আছে," আমি বললাম, "আমি—আমি এক বাটি ওটমিল ছাড়া কিছু খাই না, আর সেটির জন্যই আমাকে বিল দেওয়া হয়।"

বললেন, "ওহ, করবেন না, কখনও এমন করবেন না।"

6 ঠিক আছে, তখন আমি ভাবলাম, "আমি এটা দিয়ে কি করব ?" তারপর আমি প্রাতঃরাশের জন্য পঞ্চাশ সেন্ট বিল করলাম। তারপর আমি এর চল্লিশ সেন্ট নিই, যদি আমি কিছু খরচ করতে চাই, রাস্তায় কিছু বাচ্চাদের দিয়ে দিই; কিছু বাচ্চাদের, আপনারা জানেন, দেখে মনে হচ্ছিল তাদেরও একটু স্যান্ডউইচ দরকার। ঠিক আছে, আমি ভেবেছিলাম হয়তো আমি...ঠিক, এটা কোম্পানি ছিল, নিজেই,

আমার সাথে এইভাবে কথা বলছিল। তিনি কোম্পানির থেকে একজন ব্যক্তি ছিলেন।

তাই, আমি ভাবলাম, "হয়তো আমি—আমি কিছু ভুল করেছি।"

7 তাই এখানে খুব বেশি দিন আগে নয়, একজন টহলদারের সঙ্গে...এখন তারা হেলিকপ্টারে টহল দেয়, আপনারা দেখুন। তাই তিনি এসে থামলেন। তিনি বললেন, "বলুন, ভাই ব্রানহাম," বললেন, "এই গাছটি বড় হচ্ছে।"

আমি বললাম, "হ্যাঁ।" আমি বললাম, "বাচ্চারা সেখানে তার নিচে খেলা করে।"

তিনি বললেন, "আমরা কি এটা ছেঁটে ফেলতে পারি?"

আমি বললাম, "হ্যাঁ, কিন্তু এটা কাটবেন না। দেখুন?"

তিনি বললেন, "ঠিক আছে, আমরা এটা কেটে ফেলতে চাই। আমরা আপনাকে এর জন্য অর্থ প্রদান করব।"

8 আমি বললাম, "না। না। আমি চাই না আপনারা এটা কেটে ফেলুন।" ঠিক আছে, আমি পথের অধিকার আইনটি জানি, আপনারাও জানেন, কারণ আমি এতে সাত বছর ধরে ছিলাম। আমি বললাম, "না।" আমি বললাম, "এটা কাটতে চাই না, কিন্তু আপনারা এটা ছেঁটে ফেলতে পারেন।" আমি বললাম, "আমি—আমি এটা ছেঁটে রাখি, কিন্তু," আমি বললাম, "আপনি পারেন। আপনি যদি চান তবে এটি ছেঁটে ফেলতে পারেন।" আমি বললাম, "আমি, ভাই উড আর আমি, এটিকে ছেঁটে ফেলার জন্য ঠিক করছি। আমরা এই অন্য সব গাছগুলো ছেঁটে থাকি।" আর আমি বললাম, "কিন্তু আমরা বাচ্চাদের জন্য এটি সেখানে রাখতে চাই, জো এবং তারা, আপনারা জানেন, ছোট ছেলেমেয়েরা সেই গাছের নিচে খেলা করে।"

9 আমি বেড়াতে গিয়েছিলাম। যখন আমি ফিরে আসি, তখন তাকে করাত দিয়ে কেটে নিচে ফেলে দেওয়া হয়েছিল। ওহ, কোম্পানির উপর কি রকম একটি মকদ্দমা হতে পারত, আপনারা দেখুন, সেই গাছটি কাটার জন্য, আপনারা দেখুন। আর তাই আমি ভাবলাম, "এখন," আমি বললাম, "প্রভু, আমি সেটা উল্লেখও করতে যাচ্ছি না।" দেখুন? "যদি এমন কিছু থাকে যা আমি—যা আমি, সেই বিষয়ে, কখনও কখনও প্রবেশ করি, শুধুমাত্র এক সেন্ট মূল্যের খাবার খাই, আর 'পঞ্চাশ সেন্ট' দিতে হবে।" দেখুন? আমি বললাম, "যদি এই বিষয়ে কিছু থাকে, তাহলে সেটা তৈরি করা

হোক, দেখুন, সেটা—সেটা আমি—সেটা আমি সেখানে রেখেছি, আপনারা দেখুন। সেটা আমি...” আর আমি তখন পাবলিক সার্ভিস কোম্পানিতে থাকার স্বপ্ন দেখা ছেড়ে দিয়েছিলাম, দেখুন, কারণ এটি অবশ্যই সেখানে কিছু ছিল।

আমরা কি করি তা আমাদের দেখতে হবে। আমাদের একদিন এটা দেখতে হবে।

10 বাচ্চারা, এখানে আসছে। তোমার মা অন্যদিন এখানে ছিলেন, ট্রুডি। আমি অনুমান করি তুমি জানতে না, তুমি জানতে না। এটি এক ধরনের চমকপ্রদ ছিল, আমি দেখতে পাচ্ছি। আর তুমি স্নাতক শেষ করতে যাচ্ছ। আর আমরা এখানে একসাথে এই ভ্রমণটি করেছি। আমি এখন একটি সভায় যাব, এই সভার পরপরই। আর আমরা বাড়িতে ফিরে যাব।

11 আমি ভেবেছিলাম তোমাদের সবার সাথে কথা বলার একটি ভাল সুযোগ হবে, আর তারপরে এটাও ভেবেছিলাম স্নাতক হওয়ার আগে বাচ্চাদের সাথে একটু কথা বলা ভালো হবে। বাইবেলের একটি পদ পাঠ করে, তোমাদের সাথে আমার হৃদয় থেকে কিছু কথা বলি, প্রায় দশ মিনিটের জন্য। আমি তোমাদের পথ থেকে সরে যাব। দেখুন ?

12 আমি বাচ্চাদের সাথে কথা বলার আগে, আমি প্রাপ্তবয়স্কদের সাথে এক মিনিট কথা বলতে চাই, আপনাদের সকলের সঙ্গে। এটা এখন, সম্ভবত, হয়তো একটি কঠিন যাত্রা, এটি হয়েছে। কিন্তু আমি ঈশ্বরের কাছ থেকে যে অভিজ্ঞতা লাভ করেছি, আমি দশ হাজার ডলার নিব না যা আমি এখানে থাকার পর থেকে প্রভুর কাছ থেকে শিখেছি। আমি সত্যিই বিশ্বাস করি যে আমি সর্বশক্তিমান ঈশ্বরের আদেশের সম্পূর্ণ আনুগত্য নিয়ে এসেছি, আর আমি—আমি আশা করি আমি এভাবেই থাকতে পারব। আর সেখানে একটি...

13 যখন আমি আসি, একটি বিষয়, একটি দর্শন দ্বারা, আমি এখানে টুকসনের উপরে দাঁড়িয়ে ছিলাম যখন একটি—একটি—একটি বিস্ফোরণ ঘটে। ঠিক আছে, ভাই ফ্রেড যখন এটি চলে যায় তখন সেখানে ছিলেন। আর এখন তারা সেই ছবি তুলেছেন, আপনারা জানেন, আকাশে। আর আমি এটা নিয়ে খুব একটা ভাবিনি, এটা লক্ষ্য করিনি। তাই এটা অন্য দিন আমাকে একরকম প্রভাবিত করতে শুরু করে। আর এখানে নরমার পিতা ভাই নরম্যান আমাকে বলেছিলেন, “আপনি কি এটা লক্ষ্য করেছেন ?”

14 আর ঠিক যখন আমি তাকালাম, ঠিক সেখানে সেই স্বর্গদূতরা

ছিলেন ঠিক ততটা সরল যতটা তারা হতে পারেন, সেই ছবিতে ঠিক সেখানে অবস্থান করছিলেন। দেখুন? আমি দেখতে লাগলাম কখন এটা, আর সময় একই ছিল, আমি সেখানে থাকার প্রায় দুই দিন আগে, অথবা দুই দিন পরে। এটা কোথায় ছিল তা দেখার জন্য আমি তাকালাম। "ফ্ল্যাগস্টাফের উত্তরপূর্ব, অথবা প্রেসকট, যা ফ্ল্যাগস্টাফের নীচে।" ঠিক আছে, ঠিক সেখানেই আমরা ছিলাম, দেখুন, ঠিক সেখানেই।

15 "ছাব্বিশ মাইল উঁচুতে।" কেন, আর্দ্রতা, জলীয় বাষ্প চার মাইল থেকে—থেকে উপরে যেতে পারে না, অথবা পাঁচ মাইল, যে কোনো ধরনের কুয়াশা ইত্যাদি, আপনারা দেখুন। প্লেন উড়ে যায় উনিশ হাজারে। তাকে সব মেঘের উপরে উঠতে হবে, আপনারা দেখুন। আর উনিশ হাজার প্রায় চার মাইল উঁচু। এটি ছাব্বিশ মাইল উঁচু, আর ত্রিশ মাইল বিস্তৃত, এবং পিরামিডের আকারে, যদি আপনি ছবিটি দেখে থাকেন।

16 আর ডানদিকে, যেমন আমি আপনাদের বলেছিলাম, আমি লক্ষ্য করলাম, অসামান্য, সেই দূত। সেখানে তিনি ছিলেন, বুক বাইরে, ডানা পিছনে, ঠিক ভিতরে আসছেন, ঠিক যেভাবে এটি ছিল। আমি কখনই এটা লক্ষ্য করিনি যখন তারা প্রথমে...সেখানে অনেক কিছু ছিল।

17 ঠিক অন্য দিন পথ দিয়ে আসার সময়, সেখানে এমন কিছু ঘটেছিল, যা আমাকে সেই বিষয়ে বলেছিল, যে আমাকে—আমাকে অবশ্যই কি করতে হবে। আর এটা—এটা আমার বার্তা নয়।

18 এক সময়, লিও মার্সিয়ার বলেছিলেন, বলেছিলেন, "ভাই ব্রানহাম, এর পরে সময় আসবে," বললেন, প্রায় পাঁচ বা ছয় বছর আগে, সম্ভবত সাত, বলেছিলেন, "ভাই ব্রানহাম, প্রভু আপনার সেবাকার্য্য পরিবর্তন করতে যাচ্ছেন।" আর বললেন, "যখন তিনি তা করেন, আপনি সম্ভবত হাসপাতালগুলি সারিতে নিয়ে আসবেন, এবং সেই—সেই শয্যা ইত্যাদি বিষয় থেকে বাক্য বলে বের করে আনবেন।" এটা ঠিক শোনায়নি, যদিও আমি বিশ্বাস করি ভাই লিও এই বিষয়ে আন্তরিক হওয়ার চেষ্টা করছিলেন।

19 কিন্তু এটা ঠিক শোনায়নি, কারণ, দেখুন, আমাদের প্রভু যীশু কখনও তা করেননি। দেখুন? তিনি হাসপাতালে গিয়েছিলেন। সেই হাসপাতালে একজন ছিলেন। আপনাদের কি মনে আছে এটা বাইবেলে কোথায় ছিল? বৈথেস্‌দা পুষ্করিণীতে। সেখানে অনেক

অক্ষম লোক শুয়ে ছিল, পঙ্গু, খোঁড়া, অন্ধ, বৃদ্ধ, স্বর্গদূতের জন্য অপেক্ষা করছিলেন। এখন, এটি একটি আধ্যাত্মিক হাসপাতাল ছিল যেখানে লোকেরা ঐশ্বরিক আরোগ্যকরণের জন্য অপেক্ষা করত। আর এখানে ঐশ্বরিক আরোগ্যদানকারী নিজেই ভিতরে এসে একজনকে সুস্থ করলেন এবং বেরিয়ে গেলেন। তাই আপনি আশা করতে পারেন না যে একজন নশ্বর মানুষ, অথবা একটি সেবাকার্য বেরিয়ে আসবে, এবং এর চেয়ে বড় হবে। দেখুন ? আমি এর সাথে একমত হতে পারিনি।

20 কিন্তু যখন আমি ঘুরতে শুরু করি, পবিত্র আত্মা আমার উপর আসেন। আমি লিওর কাছে একটি কলম চেয়েছিলাম। আমার কাছে একটি কাগজ ছিল, আর আমি এটা লিখেছিলাম। এটি আজ তার ট্রেলার গাড়িতে রয়েছে, যদি আপনি এটি যেখানে আছেন সেখানে থাকেন। এটি সেই পুরানো অ্যালুমিনিয়ামের ট্রেলার গাড়ি যেখানে আমার পোশাক ছিল। ঠিক যখন আপনি দরজা দিয়ে প্রবেশ করেন, ট্রেলার গাড়ির ঠিক সামনে, ডানদিকে একটি তাক রয়েছে। এটি সেখানে রাখা আছে। আমি এটা সেখানে রেখে দিয়েছিলাম। বললেন, "কোনও দিন আপনি এটা বের করতে পারবেন। 'ঈশ্বর সেবাকার্যের পরিবর্তন করেন না, কিন্তু তিনি সেবাকার্যের দ্বারা মানুষের পরিবর্তন করেন।'" এটাই হওয়া উচিৎ।

21 দেখুন, আমি—আমি জানি আমাকে কি করতে হবে, কিন্তু আমি—আমি—আমি পারি না, আমি এখন যে অবস্থায় আছি তাতে আমি এটা করতে পারি না। কারণ, আমাকে...আমার মধ্যে কিছু হতে হবে, যা করার জন্য ঈশ্বরের প্রয়োজন রয়েছে।

22 আমরা বাড়িতে ফিরে যাওয়ার লক্ষ্যে আছি। সন্তানরা বাড়িতে ফেরার জন্য কাতর, তারা সবাই ফিরে যেতে চায়। তাই আমি তাদের ফিরিয়ে নেওয়ার চিন্তা করছি, যদি প্রভু চান, সম্ভবত শনিবারের সভার পরে, ফিরে যাব। সেখান থেকে, আমি জানি না। কিন্তু আমি যখনই জানতে পারি যে আমার মধ্যে কিছু ঘটছে, আমাকে মানুষের প্রতি অনুভব করায়, আমি এখন যা করছি তার থেকে ভিন্ন। আমি সেই—সেই লোকদের প্রত্যাখ্যান করেছিলাম, দেখুন, এবং আমি—আমি তাদের সঙ্গে আর কোন সম্পর্ক রাখতে চাইনি। আপনারা জানেন, আমি কি বলতে চাইছি, আমি যাদের *সাংসারিক পুরুষ, সাংসারিক মহিলা* বলি, তাদের কাছে সেই জিনিস ছিল, যা তারা করেছিল। আমি সমস্ত আন্তরিকতার সাথে প্রচার করেছি, আর ঈশ্বর সব সময় এটি নিশ্চিত করেছিলেন। "আর যদি তারা এটা বিশ্বাস করতে না চায়, তাহলে, তাদের একা থাকতে দিন।"

23 আমি সেখানে যাচ্ছিলাম, বাড এর সাথে যোগ দিতে এই আসন্ন শরত্কালে, সেখানে যাওয়ার প্রস্তুতি শুরু করি। প্রান্তরে অপেক্ষা করি, আমার চুল ও দাড়ি বড় হতে দিই। আর যদি প্রভু চান, যেন আমি কোথাও যাই, তিনি আমাকে একটি বাক্য পাঠাবেন, আর আমি সেখানে গিয়ে তা করব।

24 আর রাস্তায়, অন্য দিন আসার সময়, তিনি আমাকে থামান। আর আমি দেখলাম কোথায়...আমি কোথায় যাচ্ছি। আমি—আমি এখন অন্য কিছুর পথে রয়েছি। আর আমি ভাবলাম, যখন আমি বাড়িতে ফিরে যাব, আমরা যা বলে থাকি, আমি হৃদয় থেকে হৃদয়ের কথা বলব, হয়তো এটি টেপে রেকর্ড করে রাখব, যেন জনগণ দেখতে পায় হঠাৎ কেন পরিবর্তন।

25 এখন, বাচ্চারা, আসুন...আসুন প্রার্থনা করা যাক।

26 প্রভু যীশু, আমরা এই সময়ের জন্য কৃতজ্ঞ, যে আমরা এখানে একত্রিত হয়েছি, তরুণ এবং বৃদ্ধ, এবং মধ্যবয়সী সকলে। আর আমরা একত্রিত হয়েছি, অনন্তকালের এই পার্শ্বে, আরও একবার আপনার বিষয়ে কথা বলার জন্য এবং সেই বিষয়গুলি সম্পর্কে যা অনন্ত জীবনের সাথে সম্পর্কিত।

27 আর এই তরুণরা আজ রাতে এখানে বসে আছেন, তাদের মধ্যে কেউ স্নাতক হচ্ছেন, কেউ কেউ ইতিমধ্যে স্নাতক হয়েছেন। কিন্তু আমি বুঝতে পারি, প্রভু, কয়েক ঘন্টা আগে এমন কিছু ঘটেছে, সেই প্রচণ্ড ধাক্কা বা মহা বিস্ফোরণের আগে, সেখানে পাহাড়ে ঘটেছিল, টুকসনের উত্তরে, যখন প্রভুর দূতরা নেমে আসেন। আমার মনে আছে যা বলা হয়েছিল, আর—আর বিশেষ করে তরুণদের বিষয়ে। আমি আপনার কাছে প্রার্থনা করি, প্রভু, আমাদের বুঝতে সাহায্য করুন। আর আমি যেন আজ রাতে এই তরুণদের জন্য কিছু বলতে পারি, যা তাদের যাত্রায় সাহায্য করবে। কারণ, প্রভু, এই সময়ে আমাদের সকলের সেই সাহায্যের প্রয়োজন আছে।

28 আমাদের একসাথে আশীর্বাদ করুন। আমাদের পাপ ক্ষমা করুন। আর আমরা এখানে আসার পর যদি আমরা কিছু করে থাকি, যা আপনাকে অসন্তুষ্ট করেছে, আমরা প্রার্থনা করি আপনি এর জন্য আমাদের ক্ষমা করবেন। কারণ আমরা আজ বুঝতে পারি, আমাদের কাছে আগামীকালের কোন—কোন অঙ্গীকার নেই। আমরা জানি না আগামীকাল কি নিয়ে আসবে। আগামীকালের সঙ্গে সাক্ষাৎ করার জন্য আমাদের আজ প্রস্তুত থাকতে হবে। আর, পিতা ঈশ্বর, শুধুমাত্র একটি উপায় আছে এটি করার জন্য যা আমরা জানি, সেটা

হল, আপনার সঙ্গে সাক্ষাৎ করার জন্য প্রস্তুত হওয়া, কারণ ধীরে ধীরে আমরা বুঝতে পারি যে আমরা সকলে এটা করতে যাচ্ছি। আর আমাদের কোন সময় তাঁর সাথে দেখা করতে হবে, হয় শান্তিতে, বন্ধু অথবা সন্তান হিসাবে, অথবা শত্রু হিসাবে। আমরা আপনার নিজের প্রিয় সন্তান ছাড়া অন্য কিছু হব, তা দূরে থাকুক, প্রভু। যীশুর নামে আমাদের প্রার্থনা প্রদান করুন। আমেন।

29 আজ, যখন আমি আগাছা পরিষ্কার করছিলাম, আজ খুব সকালে, আমি বাইবেলে একটি স্থান খুঁজে পাই, আমি ভাবলাম এই সময়ে পাঠ করা একটি ভালো বিষয় হবে। আর এটি একটি...খুব উপযুক্ত নাও হতে পারে, কিন্তু আমি ভাবলাম শুধু...মাত্র একটি—মাত্র কয়েক মিনিট, কথা বলার জন্য। আমি লূক লিখিত সুসমাচার ১৮ অধ্যায় থেকে এটি পাঠ করতে চাই। সকল চারজন সুসমাচার লেখকই এটি লিখেছেন। ১৮ অধ্যায় এবং ১৮ পদ।

*এক জন অধ্যক্ষ তাঁহাকে জিজ্ঞাসা করিল, হে সদ্গুরু, কি করিলে আমি অনন্ত জীবনের অধিকারী হইব ?*

*যীশু তাহাকে কহিলেন, আমাকে সৎ কেন বলিতেছ ? এক জন ব্যতিরেকে সৎ আর কেহ নাই, তিনি ঈশ্বর।*

*তুমি আজ্ঞা সকল জান, ব্যভিচার করিও না, নরহত্যা করিও না, চুরি করিও না, মিথ্যাসাক্ষ্য দিও না, তোমার পিতা...মাতাকে সমাদর করিও।*

*সে...কহিল, বাল্যকাল অবধি* এই সকল *পালন করিয়া আসিতেছি।*

*এ কথা শুনিয়া যীশু তাহাকে কহিলেন, এখনও এক বিষয়ে তোমার ত্রুটি আছে: তোমার যাহা...কিছু আছে, সমস্ত বিক্রয় কর, আর দরিদ্রদিগকে বিতরণ কর,... তাহাতে স্বর্গে ধন পাইবে: আর আইস, আমার পশ্চাদ্গামী হও।*

30 আমি মনে করি, সেই বাক্য, *আইস, আমার পশ্চাদ্গামী* হও, আমি যদি দশ হাজার সন্তানদের সাথে কথা বলি তবে সেটাই হবে সেরা উপদেশ হবে, অথবা যদি আমি যা সেই বিষয়ে কথা বলতাম। এটি একটি আদেশ এবং সবচেয়ে বড় বিষয়, আমি মনে করি যা কাউকে দেওয়া হয়েছিল, আর বিশেষ করে একজন যুবককে, "আমার পশ্চাদ্গামী হও।"

31 আপনি কাউকে অনুসরণ করতে যাচ্ছেন। এখন, আপনি শুধু... আপনি এটা মনে করতে পারেন। আপনি কাউকে অনুসরণ করতে

যাচ্ছেন। আর আপনি যেভাবে সেই ব্যক্তিকে অনুসরণ করছেন, নিশ্চিত হন যে, এই ব্যক্তি কাকে অনুসরণ করছে। দেখুন ? আমরা...

32 পৌল একবার বলেছিলেন, "তোমরা আমার অনুগামী হও, যেমন আমি খ্রীষ্টের অনুগামী হই।" অন্য কথায়, "যেমন আমি খ্রীষ্টকে অনুসরণ করি, তোমরাও আমাকে অনুসরণ কর।"

33 আর এখন, এই সন্ধিক্ষণে, জীবনের এই—এই পর্যায়ে যেখানে আমরা সকলে আসি। আর অনেকবার আপনারা আমাকে *সাংসারিক পুরুষ, সাংসারিক মহিলা*, এবং বিষয়গুলি বলতে শুনেছেন। এটা, এটা সেই বয়স। এটা সেই যুগ যেখানে আমরা বাস করছি। এটা সত্যিই সেই লোকেরা নয়।

34 সেই লোকেরা আমাদের মতোই মানুষ। সেই বাচ্চারা এখানে এই গরম রড নিয়ে, রাস্তার এদিকে ওদিকে দৌড়াচ্ছে, আর তারা যে পথে যাচ্ছে, সিগারেট খাচ্ছে এবং মদ পান করছে, আর মেয়েরা অনৈতিক পোশাক পরিধান করছে ইত্যাদি, তারা আমাদের মতো মেয়ে এবং ছেলে। দেখুন ? তারা মানুষ। তারা ভালোবাসে। তারা খাদ্যগ্রহণ করে। তারা পান করে। তারা ঘুমায়। তারা শ্বাস নেয়। তাদের প্রাণত্যাগ করতে হবে। তারা আমাদের মতোই মানুষ। আর তবুও তারা...

35 তারা একটি মন্দ আত্মায় আক্রান্ত। তারা এটা জানে না। লোকেদের—লোকেদের কারণে নয়, কিন্তু, কখনও কখনও, কোন পথপ্রদর্শক যাকে তারা অনুসরণ করছে, তারা তাদের ভুল পথে পরিচালিত করেছে।

36 এখন, তোমরা মেয়েরা এবং ছেলেরা এর চেয়ে ভালো জানো। তোমরা জানো। তোমাদের এর চেয়ে ভালো শেখানো হয়েছে। তোমরা ভালো পিতামাতা পেয়েছ, এমন একটি কাজ করার চেয়ে ভালো প্রশিক্ষণ পেয়েছেন। তোমরা ভালো জানো।

37 কিন্তু তারা পায় নি, দেখুন, কারণ তারা যে মণ্ডলীতে যায় সেগুলি আধুনিক মণ্ডলী, আধুনিকতাবাদী। আর তারা—তারা শুধু দিনের জন্য বেঁচে থাকে, আরও জনপ্রিয়। আর, ওহ, আমার ! কি... নৈতিকতা তাদের কাছে সদ্‌গুণ হয়ে যায়। দেখুন ? তাই তারা, কি... যেমন আমি একবার বলেছিলাম, একটি নাটকে যা আমি এখানে দেখেছি, সদোম এবং ঘমোরার, খুব বেশি দিন আগের নয়, যে এই ভূতগ্রস্ত মহিলাটি লোটকে—লোটকে বলেছিল, "তুমি যাকে অনৈতিক বল, আমি তাকে সদ্‌গুণ বলি।"

38 যীশু বলেছেন, “যেমন নোহের সময়ে হইয়াছিল, মনুষ্যপুত্রের আগমনের সময়ও তদ্রুপ হইবে।” তাই আমরা আবার সেই স্থানে ফিরে এসেছি।

39 আসুন এই লোকটিকে কয়েক মিনিটের জন্য দেখি, যার সম্পর্কে আমরা পড়েছি। কোন সন্দেহ নেই যে এই শিশুটি একটি ভালো বাড়িতে জন্মগ্রহণ করেছে, যেমন তোমরা, সন্তানরা। তিনি ভালো পিতামাতার দ্বারা বড় হয়েছিলেন। কারণ, এটি প্রমাণিত হয়েছিল, যখন যীশু তাঁর কাছে ঈশ্বরের আদেশগুলি উপস্থাপন করেছিলেন। তিনি বললেন, “আমি ছোটবেলা থেকে এগুলো পালন করে আসছি।” এটা দেখায় যে তিনি—তিনি— তাকে সঠিকভাবে বড় করা হয়েছিল। তিনি একজন ছিনতাইকারী ছিলেন না। আর আপনারা জানেন, তিনি—তিনি কোনটি সঠিক তা জানার জন্য বড় হয়েছিলেন, তোমাদের মতো। সম্ভবত একজন ঈশ্বর-ভয়শীল মাতা এবং পিতার অধীনে বড় হন, তাকে—তাকে—তাকে সঠিক শিক্ষা দেওয়ার জন্য, যখন তিনি ছোট ছিলেন। ঠিক আছে, সেটা ভালো।

40 হতে পারে, একটি ছোট শিশু হিসাবে, তার মায়ের উচ্চাকাঙ্ক্ষা ছিল যে একদিন সে একজন বড় মানুষ হবে। তার পিতা অর্থের অধিকারী ছিলেন, তিনি তাকে শিক্ষা দিতে পারতেন এবং—এবং তাকে এমন শিক্ষা দিতে পারেন যা সে...তিনি একটি ভালো শিক্ষা গ্রহণ করে বেরিয়ে এসে বিশ্বে কিছু হতে সক্ষম হবেন। আর এই মা এবং বাবার আন্তরিকতার সাথে, এই শিশুটিকে শিক্ষিত করা, এবং সম্ভবত তোমাদের মতো তার স্নাতকের সময় চলে আসে, দেখুন, সেই সময় যখন তিনি স্কুল থেকে উত্তীর্ণ হন এবং তার শিক্ষা গ্রহণ করেন। কোন সন্দেহ নেই যে তিনি সম্ভবত সেই মা এবং বাবার জীবনের গর্ব এবং আনন্দ—আনন্দ ছিলেন। কোন সন্দেহ নেই, সেই সময়ে, তার কাছে চমৎকার ঘোড়া ছিল, যেমন তোমাদের গাড়ি আছে, আর তোমাদের যেমন একজন ভালো বাবা এবং মা রয়েছে, যারা এটা দেখেন, তোমাদের কাছে ভালো পোশাক রয়েছে, আর—আর একটি গাড়ি রয়েছে, আর...আর জীবন উপভোগ করছেন, ঠিক তোমাদের আজকের মতো কিছু।

41 আর পিতা ও মাতার...নিরন্তর প্রার্থনা করছেন যেন—যেন তাদের ছেলে একজন সাধারণ মানুষ হয়ে না উঠে, সে যেন একজন অসাধারণ মানুষ হয়। সকল অভিভাবক এটা চান। আপনি কি যীশুকে সেই আজ্ঞা বলতে শুনেছেন, “তোমার পিতা ও মাতাকে সম্মান কর,” তারপর থেমে গেলেন? দেখুন? আর এটা যে কোন

পিতামাতার উচ্চাকাঙ্ক্ষা, তাদের সন্তানদের জন্য সর্বোত্তম কাজ করা, যাতে তারা তাদের শিক্ষিত করতে পারে, তাদের এমন কিছু দেওয়ার জন্য যা তারা পায়নি। আমার সন্তানদের সম্পর্কে আমি এমনই অনুভব করি।

42 আমি মনে করি, কখনও কখনও, স্কুলে যাওয়ার সময়, এখন; আমি মনে করি, বেকি এবং সারা এবং জোসেফকে এই উচ্চ বিদ্যালয়ে পাঠাই, যেখানে এই সব কিছু চলছে? আমি মনে করি আমি তাদের নিয়ে পাহাড়ে ফিরে যাব, আর—আর তাদের সেখানে বড় করব...যেমন ভারতীয়রা বাস করেন।

43 কিন্তু এখানে সেটি। বাচ্চার মধ্যে যা আছে তা বেরিয়ে আসবে। সে যেখানেই থাকুক না কেন, তা বেরিয়ে আসবে। যদি তার ভিতরে সেখানে খারাপ থাকে, তবে এটি ভারতীয় শিবিরে বেরিয়ে আসবে। যদি তার ভিতরে সেখানে ভালো হয়, তবে এটি যে কোনও শিবিরে বেরিয়ে আসবে। দেখুন? এটি বাচ্চার মধ্যে কি আছে, বাচ্চার সাজ, আপনার ভিতরে কি আছে। আর আপনি এখন যা আছেন তাই আপনি সম্ভবত আপনার বাকি জীবন থাকবেন। আপনি একটি পরিবর্তনশীল স্থানে আছেন।

44 আপনি কি জানেন? যীশু খ্রীষ্টে ধর্মান্তরিত হওয়ার ছিয়াশি শতাংশ, একুশ বছর বয়সের আগে সম্পন্ন হয়। এটা এটি দেখায়। পরিসংখ্যান এটা দেখায়। ছিয়াশি শতাংশ যারা খ্রীষ্টের কাছে আসেন, তারা একুশ বছর হওয়ার আগে আসেন। আপনি, সেই বয়স পেরিয়ে যাওয়ার পরে, আপনি আপনার পথে স্থির হয়ে যান। ওহ, এটা সম্ভব, নিশ্চিত। তারা সত্তর, আশি, বছর বয়সে আসে, কিন্তু এটা খুব বিরল। দেখুন?

45 আপনি যখন তরুণ হন তখন আপনি নিজেকে তৈরি করেন। আপনি আপনার উচ্চাকাঙ্ক্ষা স্থির করেন আপনি কি করতে চান এবং আপনি জীবনে কি অর্জন করার চেষ্টা করছেন। আপনারা এটা ভাবুন। আর আপনি যেমন ভাবেন, অবশ্যই, আপনার মন, এটি আপনার মনে উপস্থাপন করা হয়েছে একটি অজানা কিছু দ্বারা যা—যা আপনার মনকে আধিপত্য করে। আর তারপর যখন এটা আপনার মনে চলে আসে, তখন আপনি এটা বলেন, আপনি এটা করতে যাচ্ছেন। আর তারপরে আপনার উচ্চাকাঙ্ক্ষা আপনাকে এর দিকে চালিত করে।

46 তাই, মাতা পিতা, এই যুবকের কাছে আশা করছিলেন...তার উচ্চাকাঙ্ক্ষা বড় হওয়ার; এটি করার জন্য যথেষ্ট অর্থ। আর

তারপর, নিঃসন্দেহে, প্রার্থনা করেছিলেন যেন এই—এই যুবকটি সেই—সেই সুযোগ পায়। আপনারা দেখুন, তারা—তারা যা করতে পারে তা করেছিলেন। তার হয়তো সুন্দর ঘোড়া ছিল, আর—আর হয়তো মহিলাদের মধ্যে খুব জনপ্রিয় ছিলেন।

47 আর পুরুষের জন্য যেটি, নারীর জন্য সেটি হবে, তদ্বিপরীতে, দেখুন, কারণ আমরা মানুষের জীবন, প্রাণ, পুরুষ এবং মহিলা উভয়ের বিষয়ে কথা বলছি।

48 আর তারপর, এই সমস্ত সুযোগ পাওয়ার পরে ছেলেটি, দেখুন, সে "সহজ রাস্তায়" চলে আসে, আমরা একে বলি, এমন একটি স্থানে যেখানে তাকে খুব বেশি চিন্তা করতে হয়নি। তার পিতামাতার টাকা ছিল। তার ছিল...তিনি খুব...তিনি একজন শাসক হয়েছিলেন। বাইবেল এখানে এটিকে উল্লেখ করে,...তরুণ, ধনী তরুণ শাসক হিসাবে। আর আমরা দেখি...একটি অল্প বয়সে, হয়তো তার কিশোর বয়সে, স্কুল থেকে বেরিয়ে, স্নাতক শেষ করে, হয়তো, কয়েক সপ্তাহ আগে, অথবা অন্য কিছু, তিনি...তিনি একজন শাসক ছিলেন, এবং তার হৃদয় যা চায় তা তার কাছে ছিল।

49 আর ছেলেটি আধুনিক সাংসারিক ব্যক্তি ছিলেন না। তিনি ভালো ব্যক্তি ছিলেন। আমি বিশ্বাস করি, যখন লূক এই বিষয়ে লিখেছিলেন, অথবা মার্ক, আমি বিশ্বাস করি, যীশু তার দিকে তাকিয়ে দীর্ঘশ্বাস ফেলেন, কারণ তিনি তাকে ভালোবাসতেন। দেখুন? ছেলেটির সম্পর্কে কিছু ছিল। এই ছেলেটির সাথে একটি সুন্দর ব্যক্তিত্ব জড়িত ছিল। তিনি কোথা থেকে এসেছেন? একটি ভালো পরিবার থেকে যারা তাকে ঈশ্বরের আদেশগুলি শিখিয়েছিলেন, এবং দেখেছিলেন যে তিনি সেগুলি পালন করেছেন। আর তিনি এটা করেছিলেন, তার যৌবন থেকে।

50 আর ছেলেটির একটি উচ্চাকাঙ্ক্ষা ছিল; তিনি অনন্ত জীবন চেয়েছিলেন। তিনি বললেন, "হে সদ্গুরু, কি করিলে আমি অনন্ত জীবনের অধিকারী হইব?"

51 দেখুন, পৃথিবীতে আপনি অনেক কিছু পেয়েছেন, তবুও আপনার ভিতরের আত্মা আপনাকে বলে এমন কিছু আছে যা আপনার প্রয়োজন, যা আপনার কাছে নেই। শুধু সম্পদ দ্বারা... অথবা, এটা সবসময় সম্পদ হতে হবে না। এটা হতে পারে, জনপ্রিয়তা, কোন সুন্দরী নারী, তার সৌন্দর্য আছে যা সে ভাবতে পারে। হয়তো সে স্কুলে খুব জনপ্রিয়। হয়তো ছেলেটি যে কোনো মেয়েকে সঙ্গী হিসেবে পেতে পারে। সে অনুভব করে যে সে

একধরনের সুরক্ষিত। এটি নিরাপত্তা নয়। সেটি মাঠের ফুলের মতো বিবর্ণ হয়ে যাবে। দেখুন? এটা চলে যাবে। দীর্ঘ সময় লাগবে না। সূর্যের কয়েকটি প্রকাশের পর, সেটা চলে যাবে, তারপর আপনার কাছে একটি প্রাণ রয়েছে যাকে অনন্তকাল জীবিত থাকতে হবে।

52 আর এই যুবকটির অবশ্যই একটি সুন্দর ব্যক্তিত্ব ছিল, কারণ তিনি নিজেকে প্রভু যীশুর কাছে উপস্থাপন করেছিলেন, জেনেই তিনি নতজানু হন। তিনি বললেন, "হে সদ্‌গুরু, কি করিলে আমি অনন্ত জীবনের অধিকারী হইব?"

53 তিনি বললেন, "আমাকে সৎ কেন বলিতেছ," বললেন, "যখন তুমি জানো যে একজন ব্যতিরেকে সৎ আর কেহ নাই, তিনি ঈশ্বর?" দেখুন? এতে ওই যুবক কী প্রকাশ করেছিলেন? যে তিনি ঈশ্বর ছিলেন। দেখুন? তিনি বললেন, "তুমি আজ্ঞা সকল জান। তাদের পালন কর।"

বললেন, তাই তিনি বললেন, "কোন আজ্ঞা, প্রভু?"

54 তিনি বলেছিলেন, "'তোমার পিতামাতাকে সমাদর করিও,' ইত্যাদি আজ্ঞা সকল।"

55 তিনি বললেন, "বাল্যকাল অবধি এই সকল পালন করিয়া আসিতেছি। দেখুন, আমি তাহা করিয়াছি।"

56 তিনি বললেন, "তবুও তোমার এক বিষয়ে ত্রুটি আছে। যাও, তোমার যাহা কিছু আছে, সমস্ত বিক্রয় কর, আর দরিদ্রদিগকে বিতরণ কর, আর আমার পশ্চাদ্‌গামী হও।"

57 কি একটি সুযোগ! সে পিতর, যাকোব অথবা যোহনের মতো হতে পারত, তাদের মধ্যে একজন। দেখুন, শিশুটিকে প্রশিক্ষিত করা হয়েছিল এবং সঠিকভাবে বড় করা হয়েছিল, এবং তাকে ব্যবহার করার জন্য খ্রীষ্টের কাছে উপস্থাপন করা হয়েছিল তার মধ্যে যে সমস্ত সম্ভাবনা ছিল, ব্যবহার করার জন্য, শিক্ষিত, তরুণ, ধনী, প্রভাবশালী, যেখানে তিনি সুসমাচার উপস্থাপন করতে পারতেন, কিন্তু এটি প্রত্যাখ্যান করেন। কি একটি—কি একটি বিষম বিষয় সেটি সেই যুবকের জন্য ছিল! দেখুন?

58 "আমার পশ্চাদ্‌গামী হও।" এখন, দেখুন, তাকে কাউকে অনুসরণ করতে হয়েছিল। এখন, তাকে হয়ত সেই লোকদের প্রভাব অনুসরণ করতে হয়েছিল, যাদের সাথে তিনি যুক্ত ছিলেন, কোন যুবতীর প্রভাব, কোন ছেলেদের একটি দলের প্রভাব, যার সাথে তিনি যুক্ত ছিলেন, বিদ্যালয়ে তার সহপাঠীদের, নতুবা যীশু খ্রীষ্টকে

অনুসরণ করা। তার সমস্ত ধার্মিকতায়, তবুও তিনি জানতেন যে তার অনন্ত জীবন নেই।

সন্তানরা, তোমাদের সেটাই ভাবতে হবে। দেখুন ?

59 এখন আজ রাতে ছেলেটিকে দেখুন, তিনি কী হতে পারতেন, আর তিনি কী, আজ রাতে তিনি কী। তিনি কোথাও আছেন। তিনি একজন মানুষ ছিলেন। তিনি কোথাও আছেন। তিনি বিচারের অপেক্ষা করছেন। তিনি সেই দিন বিচারের মুখোমুখি হওয়ার জন্য অপেক্ষা করছেন, সেই একই সুযোগ প্রত্যাখ্যান করে তোমাদের কাছে উপস্থাপন করা হয়েছে, প্রায় একই পরিস্থিতিতে; ভালো সন্তান, ভালো ব্যক্তিত্ব, ভালো বাবা এবং মা, তোমাদের কাছে যা আছে, তোমরা না চাইলে এমনকি কোন কাজ করতে হবে না। দেখুন ?

60 কিন্তু এর সঙ্গে অন্য কিছু রয়েছে। এর সাথে কিছু আছে। সেই বাক্য, আজ রাতে, কখনও মারা যায় না। এটি এখনও প্রতিটি যুবক, প্রতিটি যুবতী মহিলার কাছে একটি সংগ্রাম, "আমার পশ্চাদ্‌গামী হও।" দেখুন ?

61 বাক্য মারা যায় না। যখনই আপনি কিছু বলেন, শুধু মনে রাখবেন, এটা গোপনে আপনার গাড়িতে হোক, এটা বেদীতে হোক, সেটা আপনার প্রেমিক অথবা প্রেমিকার সাথে রাস্তার কোণে হোক না কেন, এটা যেখানেই হোক না কেন, সেটি কখনও মারা যায় না। সেটি—সেটি চিরকাল বেঁচে থাকতে হবে।

62 যখন আমি সেই মেয়েটিকে দেখি যে...অন্য রাতে দর্শনে, অল্পবয়সী সুন্দরী মেয়ে, হলিউড অভিনেত্রী, আমি তাকে মারা যেতে দেখেছি, পৌঁছানোর চেষ্টা করছে, সাহায্যের জন্য খোঁজ করছে। তিনি হৃদরোগে মারা যান, মিস মনরো। আর তখন সেটা দুই বছর আগে, আমি তাকে মারা যেতে দেখেছি। আর দুই দিন পরে তিনি মারা যান।

63 তারপর, অন্য রাতে, আমি সেই মেয়েটির কণ্ঠস্বর শুনতে পাই। কিভাবে ? বাচ্চারা আমাকে বলছিল, "বাবা, তুমি সব সময় সেই রিভার অফ নো রিটার্ন এর কাছে যাও।" বলল, "তারা আজ রাতে এরকম একটি নাটক নিয়ে এসেছে।" তারা আমাকে বলেছিল একটি নির্দিষ্ট রাত আসবে, এক বা দুই সপ্তাহ পরে। আমি ভাবলাম, "ঠিক আছে, আমি সেটা দেখতে চাই, কারণ আমি সেই নদীর কাছে গিয়েছি, দুই বা তিনবার; প্রায় পাঁচবার, আমি মনে করি।" ঠিক আছে, আমি—আমি এটা দেখতে চেয়েছিলাম।

64 আর মিস মেরিলিন মনরো সেটি অভিনয় করেছিলেন। ঠিক আছে, সেই মেয়েটিকেই আমি দর্শনে দেখেছি। আর সেখানে তিনি ছিলেন, ছবিতে, এবং অভিনয়ে, সেই অভিনয় যা তিনি *দ্য রিভার অফ নো রিটার্নে* করেছিলেন, যখন তিনি সেই ছবি তুলেছিলেন, সম্ভবত পনেরো বছর আগে। এটি একটি পুরানো ছবি ছিল, সম্ভবত কুড়ি বছর আগের। আর তিনি মারা গেছেন দুই বছর আগে। আর সেখানে তিনি আবার জীবিত, প্রতিটি কাজে এবং শব্দে। দেখুন? তিনি চৌম্বকীয় টেপে এমনভাবে আছে যে তিনি আবার জীবিত হয়েছেন।

65 শুধু তাই নয়, আমরা যা কিছু বলি তা সবই জীবন্ত। প্রতিটি শব্দ যা আমরা বলি তা মারা যেতে পারে না। ভবনের মধ্য দিয়ে এখন শব্দ আসছে, মানুষের রূপ থেকে। টেলিভিশন এটি তুলে নেয়। আপনি ঠিক এখানে কথা বলতে পারেন, এবং তারা আপনাকে সারা বিশ্বে শুনতে পায়, সেই একই সেকেন্ডে। এমনকি আপনি এই ঘরে এটি শুনতে পাওয়ার আগেই, এটি বিদ্যুতের মাধ্যমে বিশ্বব্যাপী চলে যায়।

66 আর ঈশ্বরের মহান পর্দা সেটা তুলে নেয়। আর প্রতিটি পদক্ষেপ এবং প্রতিটি কাজ যা আপনি করেন, আপনাকে বিচারের সময় তার সম্মুখে আসতে হবে। দেখুন? সুতরাং, তরুণ বন্ধুরা, একটু সময় নিয়ে থামা, একটি ভাল বিষয়, এই বিষয়গুলি সম্পর্কে চিন্তা করো, দেখো, কারণ তোমরা পুনরায় এর সাথে দেখা করতে যাচ্ছ। বুঝেছ?

67 আসুন এই যুবককে দেখা যাক, তার কাছে যে সুযোগ ছিল, এবং নিজেকে তার স্থানে রাখি। আর একটি মেয়ে, বেকি এবং মেরিলিনের মতোই, ঠিক যেমন আপনি তার জায়গায় দাঁড়িয়ে ছিলেন, আর আপনি সেই রব শুনতে পাবেন যা এখনও জীবিত।

68 এটা এখনও জীবিত। এটা এখনও চলমান। বিজ্ঞান বলে, "এখন থেকে কুড়ি বছর পরে, তারা তাঁর ঠিক সেই রব তুলে নেবে যা তিনি বলেছিলেন, দুই হাজার বছর আগে।" এটি এখনও জীবিত আছে। সমুদ্রে পাথর পড়ার মতো, সেই ঢেউ কখনও থামে না। এটি তীরে যায়, হাজার হাজার মাইল দূরে, এবং ফিরে আসে।

69 যখন একটি রব একবার বাতাসে এইভাবে বলা হয়, তখন এটি কখনও মারা যায় না। বিচারের সময় আপনি বলতে পারেন এমন কিছুই নেই। এটি ঠিক সেখানে। সেখানে যীশু খ্রীষ্টের রব সেই যুবককে ডাকবে, "আমার পশ্চাদ্গামী হও," আর সে মুখ ফিরিয়ে নেয়, পর্দায়, দুঃখিত, কারণ তার কাছে প্রচুর সম্পত্তি ছিল। দেখুন? আমরা হয়তো এমন নাও হতে পারি...সর্বদা অর্থ হতে হবে এমন

নয়। এটি অন্যান্য বিষয় হতে পারে। দেখুন ? আমাদের কাছে যা কিছু বেশি প্রিয়, দেখুন, সেটি আমাদের কাছে টাকার মতো হয়ে যায়। এটি এমন কিছু হয়ে যায় যা আমাদের কলুষিত করে।

70 এখন আসুন তাকে একটু অনুসরণ করি। সে মুখ ফিরিয়ে নেওয়ার পর কি হয়েছিল ? তিনি খ্রীষ্টের সেই রব শোনেননি। তিনি তার বন্ধুদের সঙ্গে গেলেন।

71 সেটি, তোমরা বাচ্চারা, তোমরা সকলে ভালো সন্তান, আর তোমাদের বন্ধুত্ব হবে, কিন্তু দেখো তোমাদের কি ধরনের বন্ধুরা আছে। যদি সেই বন্ধু খ্রীষ্টকে অনুসরণ করে, তবে সেই বন্ধুর সঙ্গে যাও। খ্রীষ্টকেও অনুসরণ করো। কিন্তু যদি সে না করে, তবে তা করো না।

72 আসুন তার দিকে তাকাই। আমরা খুঁজে পেয়েছি, তিনি সম্ভবত তার বন্ধুদের রেখেছিলেন। তিনি একজন মহান শাসক হন। তখন তিনি একজন শাসক ছিলেন। পরে, আমরা তাকে এত সমৃদ্ধ দেখতে পাই যে তাকে—তাকে—তাকে তার জিনিসপত্র রাখার জন্য অতিরিক্ত খামার তৈরি করতে হয়েছিল। আর তারপর তিনি মনে মনে বললেন, তিনি বৃদ্ধ হওয়ার পরে, এবং তরুণ জীবনের চিন্তা ইত্যাদি শেষ হয়ে যাওয়ার পরে, তিনি যা করেছেন, সম্ভবত, সেটি বিনোদন।

73 যখন একজন বৃদ্ধ অথবা একজন বৃদ্ধা, আমার মতো, আমার স্ত্রীর মতো, তোমাদের মা বাবার মতো, এমন কিছু নেই যা তারা ভাবতে পারে। তারা পারে না, বের হতে চায় না এবং—এবং রাস্তায় এদিকে ওদিকে যেতে চায় না, আপনারা জানেন, যেমন—যেমন যুবকরা, এবং যুবতীরা করেন। তারিখ স্থির করেন, আর কে আপনার স্ত্রী অথবা আপনার স্বামী হতে যাচ্ছেন, অথবা, দেখুন, তাদের মনে এটা নেই। তারা, তাদের সন্তান আছে, তারা আগ্রহী। সেটা আপনারা সবাই হবেন, আগামীকাল, যদি আগামীকাল থাকে। দেখুন ?

74 আর সেই ব্যক্তিকে দেখুন, তখন, হয়তো...হয়তো তিনি কখনো বিয়ে করেননি। আর, যাইহোক, তিনি একজন মহান শাসক ছিলেন। আর তিনি বসলেন...

75 আর যিরূশালেমে যেমন হয়, তবুও, আজ, তারা ঘরের ছাদে আহার করেন, দিনের এই সময়ে, যখন আবহাওয়া ঠান্ডা হয়ে যায়, সন্ধ্যায় বাইরে।

আর আমরা তার সঙ্গে চিত্রিত আরেকটি চরিত্র খুঁজে পাই: একজন ভিক্ষুক।

76 আর সেই ব্যক্তি, প্রতিবেশীকে সমাদর—সমাদর করার শিক্ষা পাওয়ার পর, আর তোমরাও তাহাদের প্রতি সেইরূপ করিও, যেমন তোমরা তাহাদের হইতে আশা কর, দেখুন, খ্রীষ্টের সেই আহ্বান প্রত্যাখ্যান করার ফলে, অবশেষে...দেখতে মনে হয়েছিল, একটি ছেলে এমন একটি পরিবারে বড় হয়েছে, যে কখনই তাঁর কাছ থেকে দূরে যেতে পারে না, কিন্তু সে গিয়েছিল। সে গিয়েছিল।

77 আর সেখানে দ্বারে লাসার নামে একজন লোক পড়ে ছিল, বৃথা সে তার কাছে অন্ন ভিক্ষা করছিল। তিনি সেই পতিত গুঁড়াগাঁড়া খেতেন যা সেই ধনী ব্যক্তি ঝাড়ু দিয়ে ফেলে দিতেন, এমনকি ভিক্ষুকটির জন্য নয়, কুকুরদের জন্য। আর তার শরীরে ঘা ছিল। কিন্তু লোকটি সমাজে এতটাই শোভন ব্যক্তি হয়ে গিয়েছিলেন, যে তার আর অনুভূতি ছিল না। তিনি অসাড় হয়ে যান, কারণ তিনি খ্রীষ্টের সেই প্রস্তাব প্রত্যাখ্যান করেছিলেন।

78 আর হয়তো এক সন্ধ্যায়, এই সময়, চমৎকার দ্রাক্ষারস দিয়ে তার টোস্ট তৈরি করছিলেন, আর সুন্দর মহিলারা, রত্নখচিত, ইত্যাদি এই জাতীয় বিষয়গুলি, তার হৃদয় যে সমস্ত বিষয় আকাঙ্খা করতে পারে, তার চারপাশে, আর টোস্টিং করছিলেন। দরজায় একজন ভিক্ষুক শুয়ে ছিলেন।

79 আর দিনের আলো ফোটার আগে, পরের দিন সকালে, তিনি নরকে চলে যান, সেই লাসারকে জিভে জল দেওয়ার জন্য চিৎকার করতে থাকেন। দৃশ্যপটের পরিবর্তন।

80 আর আপনারা লক্ষ্য করুন, যখন তিনি বলেছিলেন, "পিতা অব্রাহাম," এখন, তার তখনও মনে ছিল যে অব্রাহাম ইহুদিদের পিতা ছিলেন। তিনি বললেন, "পিতা অব্রাহাম, সেই ভিক্ষুক লাসারকে আঙুলে সামান্য জল দিয়ে এখানে পাঠান, যেন আমার ঠোঁটে দেয়। এই অগ্নিশিখাগুলি যন্ত্রণাদায়ক।"

81 আর তিনি বললেন...আর অব্রাহাম বললেন, "এটা, আমি এটা করতে পারব না," অনেক কথায়। "আর এই সবকিছুর পাশাপাশি, তুমি দেখ, তোমার জীবনে সুযোগ ছিল।"

82 যখন তার কাছে এটা ছিল ? যখন যীশু বলেছিলেন, "আমার পশ্চাদ্গামী হও।" কিন্তু সে তা প্রত্যাখ্যান করে। তিনি সেই পথে গিয়েছিলেন যাতে তিনি অর্থোপার্জন করতে পারেন। আর সেটা ঠিক আছে, অর্থ উপার্জনে দোষের কিছু নেই, কিন্তু যখন আপনি এটি

করছেন তখন যীশুকে অনুসরণ করুন। দেখুন ? আর তিনি ভিড়ের সঙ্গে অন্য পথে চলে যান।

83 আর আপনারা খুঁজে পাবেন, তিনি বলেছিলেন, অব্রাহাম বলেছিলেন, "আর এই সব ছাড়াও, আমাদের ও তোমাদের মধ্যে বৃহৎ এক শূন্যস্থলী স্থির রয়েছে, যা কোন মানুষ কখনও অতিক্রম করেনি, আর কখনও করবে না। যারা সেখানে আছে তারা এখানে আসতে পারে না, আর যারা এখানে আছে তারা সেখানে যেতে পারে না। এটা স্থির করা হয়েছে। কেউ অতিক্রম করেনি বা অতিক্রম করবে না।"

84 তারপর তার কথা শুনুন। তিনি তখন একজন সুসমাচার প্রচারক হতে চান। যীশু তাকে যে আহ্বান করেছিলেন, তাকে—তাঁকে অনুসরণ করার জন্য, এবং একজন প্রাণজয়ী হওয়ার জন্য, একজন যুবক হিসাবে, পুনরায় তার কাছে ফিরে আসে। তিনি এটা স্মরণ করেন, যে তার পাঁচ ভাই আছে, পৃথিবীতে আছে, এবং তিনি তাদের সেই স্থানে চাননি।

85 তিনি বললেন, "তাহলে লাসারকে সেখানে পাঠিয়ে দিন, যেন আমার ভাইদের বলে এই পথে না আসার জন্য।" অন্য কথায়, "আমার পশ্চাদ্‌গামী হও, এই আহ্বান গ্রহণ কর।" দেখুন ?

কিন্তু তিনি বললেন, "তারা, তারা এটা করবে না।"

86 তিনি বললেন, "হ্যাঁ, যদি কেউ লাসারের মতো মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত হয়, আর ফিরে গিয়ে তাদের বলে।"

87 আপনারা দেখুন, এটা দেখায় যে, আমরা মারা যাওয়ার পরে, আপনি এখনও চেতনার মধ্যে রয়েছেন। তার মনে পড়ল। অব্রাহাম বললেন, "হে পুত্র, স্মরণ কর, তোমার সময়ে।" দেখুন ? আপনার এখনও চেতনা রয়েছে। আপনি আপনার স্মৃতি হারিয়ে ফেলেন না। আপনার স্মৃতি থাকে।

88 আর মানুষের যে স্মৃতি থাকে, এখনও একই স্থানে, "আমার পশ্চাদ্‌গামী হও," যীশুর এই কথা শোনার সুযোগের কথা মনে পড়ে গেল, কিন্তু তিনি ভুল ব্যক্তিকে, ভুল ভিড়কে অনুসরণ করেছিলেন। তিনি ভুল ভিড়ের মধ্যে চলে যান, এবং ভুল স্থানে চলে যান, শেষে ভুল অনন্ততায় গিয়ে পড়েন; সেই দিন ঈশ্বরের কাছ থেকে চিরতরে বিনষ্ট হবেন।

89 যীশুও একটি মহান আকর্ষণীয় বাক্য বলেছেন, "'যদি একজন মৃতদের মধ্য হইতে জীবিত হয়ে সেখানে যায়, তথাপি তারা সম্মত হবে না। কারণ, তাদের কাছে মোশির ব্যবস্থা আছে, আর যদি তারা

তা না শোনে, একজন মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত হলেও তারা তাকে শুনবে না। তারা সম্মত হবে না।’”

90 কেন ? কেন ? ব্যবস্থা কি এমন কিছু বলেছে ? হ্যাঁ। “তোমরা যাহা যাহা ইচ্ছা কর যে, লোকে তোমাদের প্রতি করে, তোমরাও তাহাদের প্রতি সেইরূপ করিও।” আর তিনি ব্যবস্থার অধীনে জীবনযাপন করেছিলেন। কিন্তু তিনি সেই ভিক্ষুককে ফটকের কাছেই মারা যেতে দেন। দেখুন ? তিনি—তিনি ঈশ্বরের আজ্ঞার অধীনে জীবনযাপন করেছিলেন, কিন্তু তবুও সেই মহান অনন্ত জীবন দেখতে ব্যর্থ হন।

91 সন্তানেরা, তোমরা, প্রত্যেকজন, আমার বলে মনে হয়। তোমরা, প্রত্যেকজন, আমার পুত্র ও কন্যার মতো মনে হচ্ছে। এক দিকে, তোমরা, বুঝতে পারেছ, আধ্যাত্মিকভাবে কথা বলছি। সেটা ঠিক। প্রভু ঈশ্বর তোমাদের প্রাণ আমার সেবাকার্য্যের মধ্যে—মধ্যে রেখেছেন, কারণ তোমরা এসেছ, আমার কথা শোনো। তোমরা আমাকে বিশ্বাস করো। দেখো ? আর বাক্যের এক অর্থে, তোমরা আমার পুত্র এবং কন্যা। সেটা ঠিক।

92 সর্বদা মনে রাখবেন, ঈশ্বরের আজ্ঞা পালন করা একটি মহান বিষয়। একটি উত্তম গৃহে বেড়ে ওঠা ঈশ্বরের কাছ থেকে একটি উত্তরাধিকার। আর তোমাদের মতো ব্যক্তিত্বসম্পন্ন সুন্দর শিশু হওয়া, ভালো। শিক্ষিত হওয়া, খুব ভালো। এই মুক্ত দেশে বসবাস করাও চমৎকার। আমাদের কাছে কৃতজ্ঞ হওয়ার জন্য অনেক কিছু আছে।

93 কিন্তু একটি বিষয় আছে যা আপনি উত্তরাধিকার সূত্রে পান না। আপনাকে সেটা গ্রহণ করতে হবে। সেটি হল অনন্ত জীবন। আর আপনি শুধুমাত্র যীশুকে অনুসরণ করার মাধ্যমে তা করতে পারেন, একটি নতুন জন্মের অভিজ্ঞতার দ্বারা। এটি অবহেলা করবেন না।

94 ছোট গল্প একবার আমি শুনেছিলাম, একজন ব্যক্তির যিনি ছিলেন, ওহ, তিনি দরিদ্র ছিলেন। আর তিনি—তিনি সবসময় চাইতেন...এটি একটি ছোট কল্পিত গল্প, যেমন। যদিও, এটি সবসময় আমার সাথে আটকে আছে। আর একদিন তিনি একটি ফুল তুলে নিলেন। আর সেই ফুলটি জাদু ছিল, আর ফুলটি তাকে বলল, “আপনি সারা জীবন ধরে দরিদ্র।” সে বলল, “এখন আপনার যা ইচ্ছা চান, আর আপনাকে দেওয়া হবে।”

95 তিনি বললেন, “অদূরের সেই পাহাড়টি খুলে যাক, আর আমি যেন সেখানে গিয়ে সেই পাহাড়ের মধ্যে সোনা খুঁজে পাই।”

96 "ঠিক আছে," সে বলল, "আপনি যেখানেই যান আমাকে আপনার সাথে নিয়ে যেতে হবে। দেখুন? আমাকে আপনার সঙ্গে নিতে যেতে হবে। যেন, আমি যেখানেই থাকি, আপনার যা প্রয়োজন হয় তা জিজ্ঞাসা করতে পারেন।"

97 তিনি পাহাড়ের কাছে যান, আর পাহাড়টি খুলে যায়, আর তিনি ভিতরে প্রবেশ করেন। ছোট কাল্পনিক কাহিনীর মতো তাকগুলি সোনা এবং হীরাতে পূর্ণ ছিল। তিনি ফুলটি একটি—একটি টেবিলের উপর অথবা, একটি পাথরের উপর রেখে দেন। আর তিনি দৌড়ে গিয়ে একটি বড় রত্ন তুলে ফেলেন, আর তিনি বলেন, "আমাকে অবশ্যই এটা আমার বন্ধুদের দেখাতে যেতে হবে। আর এখন আমি একজন ধনী ব্যক্তি। আমার কাছে এখন সবকিছু আছে। আমাকে এটা দেখাতে হবে।"

98 আর তাই সেই ফুলটি বলল, "কিন্তু," বলল, "আপনি মূল বিষয়টি ভুলে গেছেন।"

99 তাই তিনি পিছনে দৌড়ে এসে বললেন, "ঠিক আছে, আমি—আমি এক টুকরো সোনা নিয়ে নিই। আমি এক টুকরো রৌপ্য নিয়ে নিই।" আর তিনি বললেন, "আমি—আমি তাড়াতাড়ি করব, লোকেদের বলতে হবে আমি কতটা ধনী, আর আমার কাছে কি আছে।"

100 আর তিনি দরজার কাছে চলে আসেন, আর ফুলটি বলল, "কিন্তু আপনি মূল বিষয়টি ভুলে গেছেন।"

101 তাই তিনি আবার দৌড়ে ফিরে আসেন। তিনি বললেন, "এখানে আমরা সব ধরনের উপকরণ পাই।" তাই, তিনি একটি পাথর তুলে নিলেন। তিনি বললেন, "আমি যাব, এই পাথরটি নিয়ে লোকদের দেখাব যে এই পর্বতটি কি ধরনের শিলা দিয়ে তৈরি, যাতে আমি আমার পথে ফিরে যেতে পারি।" দেখুন?

102 আর তিনি দরজা দিয়ে বের হতে শুরু করলেন, আর ফুলটি বলল, শেষ...শেষ সময়ের জন্য, "আপনি মূল বিষয়টি ভুলে গেছেন।"

"ওহ," তিনি বললেন, "ওহ, চুপ কর।"

103 দেখুন, তিনি আর শুনতে চাননি, "মূল বিষয়টি ভুলে গেছেন," আর তিনি দৌড়ে দরজা দিয়ে বেরিয়ে গেলেন। আর যখন তিনি করলেন, তখন দরজাটি তার পিছনে বন্ধ হয়ে গেল, ভিতরে ফুলটি রেখে। মূল বিষয় ছিল সেই ফুলটি। দেখুন? মূল বিষয় ছিল সেই ফুল।

104 অনেক বছর আগে, ছোটবেলায়, আপনারা সবাই যেমন করেছেন, এখানে, গবাদি পশুর খামারে এখানে, ফিনিক্সের উপরে। আমি একটি অংশ পড়ছিলাম, একটি সম্ভাবনা, একজন অনুসন্ধানকারীর সম্পর্কে একটি কাগজ। তখন, এখান দিয়ে কোন রাস্তা ছিল না, শুধু ছোট বালির পথ। তারা এখনও এখানে অনেক সম্ভাবনা প্রকাশ করেন, আপনারা জানেন।

105 কিন্তু এই অনুসন্ধানকারী এসেছিলেন, এবং তিনি প্রচুর অর্থ খুঁজে পেয়েছিলেন, এবং প্রচুর সোনা খুঁজে পান। আর তার পথে, তিনি একটি কেবিনে থাকেন যা তিনি খুঁজে পেয়েছিলেন। আর তার সঙ্গে একটি কুকুর ছিল, আর, সেই—কুকুরটি, বাইরে বাঁধা ছিল। আর সেই রাতে, এই সোনা পাওয়ার জন্য একজন অপরাধী তাকে অনুসরণ করেছিল। তিনি এটি পুরানো স্প্যানিশ খনি থেকে তুলেছিলেন, আর তিনি এটি নিয়ে যাচ্ছিলেন। আর কুকুরটি ডাকতে শুরু করে।

106 আর লোকটি সেই কুকুরটিকে নিয়ে বিরক্ত হতে চায়নি। তিনি বললেন, "চুপ কর।" তিনি বললেন, "আগামীকাল, আমি এটা নিয়ে যাব, শহর—শহরে।" আর আমি...গল্পের নৈতিকতা এই ছিল। "আর আমি এটা ওজন করে নেব, আর আমি একজন ধনী ব্যক্তি হব। আর আমি বড় গাড়ি কিনব। আর আমার কাছে সব ধরণের মহিলারা থাকবে আর বড় পার্টি করব। আর আমি একজন ধনী ব্যক্তি হব, কারণ আমি ইতিমধ্যে এই দাবিটি করেছি। আমি এখানে অনেক স্বর্ণ পেয়েছি।" আর বললেন, "আমি..."

107 আর যখন তিনি ঘুমাতে যাওয়ার চেষ্টা করছিলেন, তখন কুকুরটি ঘেউ ঘেউ করতে থাকে, কারণ কুকুরটি সেই অপরাধীকে আসতে দেখেছিল, নিঃশব্দে আসতে দেখেছিল, অনুসন্ধানকারীকে ঘুমাতে যাওয়ার জন্য অপেক্ষা করছিল।

108 তিনি আবার উঠে, কুকুরটির দিকে চিৎকার করে বললেন, "চুপ কর।" আর কুকুরটি চিৎকার করে তার মনিবকে সতর্ক করার চেষ্টা করেছিল যে বিপদ লুকিয়ে আছে—লুকিয়ে আছে। আর যখন সে...

109 পরের বার, যখন কুকুরটি ঘেউ ঘেউ করতে শুরু করে, অনুসন্ধানকারীর কাছে একটি শটগান ছিল। তিনি বিরক্ত হতে চাননি, তাই তিনি উঠে কুকুরটিকে গুলি করেন। আর সেই রাতে অনুসন্ধানকারীকে সেই অপরাধী হত্যা করে। তার সব বড় বড় স্বপ্ন তার কোন ভালো করেনি। কেন ? তিনি সেই রবকে স্তব্ধ করেছিলেন যা তাকে সতর্ক করছিল।

110 কেউ কিছু করার চেষ্টা করতে পারে না, সন্তানরা, কখনও কিছু ভুল করতে পারে না, আপনারা যেমন আছেন সেভাবে বড় হওয়ার পরে, যদি না আপনারা—আপনারা অনুভব করেন যে *কিছু* আপনাকে এটা করতে না বলে। এখন, সেই কণ্ঠস্বরকে কখনই বন্ধ করবেন না, যিনি আপনাকে সতর্ক করেন।

111 আর সর্বদা মনে রাখবেন, সেই রব গ্রহণ করুন যিনি বলেছেন, "আমার পশ্চাদ্‌গামী হও," আর আপনারা সর্বদা সঠিক পথে থাকবেন। আমি বিশ্বাস করি আপনারা করবেন, আমি আপনাদের উপর বিশ্বাস করি। কিন্তু সবসময় মনে রাখবেন যে যীশু, সেই রব, আজ রাতে পৃথিবীতে জীবিত আছেন।

112 ঠিক একইরকম, প্রতিটি রব এবং প্রতিটি বাক্য যেটি আমরা বলেছি এখনও জীবিত, যখন সেই রব বাতাসের সেই তরঙ্গে বেরিয়ে যায়। সেই...দেখুন, আপনার এখানে একটি প্রেরকযন্ত্র আছে যা এটিকে প্রেরণ করে। আপনিই সেই প্রেরকযন্ত্র যিনি এটিকে বাইরে পাঠান। এখন এটা তুলতে এক স্টেশন লাগে।

113 আর যীশু ছিলেন ঈশ্বরের বাক্য প্রেরণকারী, কারণ তিনি সেই—সেই ঈশ্বরের ত্রিত্ব, এক ব্যক্তির মধ্যে প্রকাশিত হন। তিনি সম্পূর্ণ ঈশ্বর এবং সম্পূর্ণ মানুষ ছিলেন।

114 এবং ঈশ্বরের ত্রিত্ব, ঈশ্বরের গুণাবলীর ত্রিত্ব, পিতা, পুত্র এবং পবিত্র আত্মা হিসাবে, সেই এক ব্যক্তি যীশু খ্রীষ্টের মধ্যে প্রতিনিধিত্ব করেন। তাই, সেখানে, তিনি বাক্য ছিলেন।

115 আর তিনি ছিলেন সেই প্রেরণকারী যিনি বলেছিলেন, "যে ব্যক্তি আমার বাক্য শুনে, ও যিনি আমাকে পাঠাইয়াছেন, তাঁহাকে বিশ্বাস করে, সে অনন্ত জীবন প্রাপ্ত হইয়াছে।" দেখুন? "সত্য, সত্য, আমি তোমাদিগকে বলিতেছি, যে ব্যক্তি আমার বাক্য শুনে, ও যিনি আমাকে পাঠাইয়াছেন, তাঁহাকে বিশ্বাস করে, সে অনন্ত জীবন প্রাপ্ত হইয়াছে।" এখন, সেই বাক্য একটি ট্রান্সমিটার থেকে বেরিয়ে এসেছে। তিনি বলেছিলেন, একদিন, "সত্য আমি তোমাদিগকে বলিতেছি, যদি তুমি এই পর্ব্বতকে বলো, 'উপড়িয়া যাও,' আর তোমার হৃদয়ে সন্দেহ না কর, কিন্তু বিশ্বাস কর যে তুমি যাহা বলিয়াছ তাহা ঘটিবে, তবে তাহার জন্য তাহাই হইবে।"

116 এখন, যদি আপনি এটি নেওয়ার জন্য সেই স্থান হতে পারেন, আপনার ভিতরের কিছু নিয়ন্ত্রণ দ্বারা, বিশ্বাসের দ্বারা, এটি আপনাকে সরাসরি ঈশ্বরের চক্রে নিয়ে যাবে, নতুন জন্মে, এবং পুনরায় জন্মে। তারপর আপনি সর্বদা সংযোগে থাকবেন, সেই রব

শোনার জন্য যা আপনাকে সবসময় সতর্ক করবে যখন বিপদ আসে। যখন বিষয়গুলি ভুল পথে যায়, ভুল হয়, এটি সর্বদা আপনার জন্য একটি সতর্কবাণী হবে। আর তারপরে, কোন দিন সেই ধনী যুবকের মতো হওয়ার পরিবর্তে, যার কথা আমরা বলছি; প্রেরিত পিতর, পৌল, অথবা এমন কেউ যিনি যীশু খ্রীষ্টের জন্য প্রাণ জয় করেছেন। তোমরা সেটা করো, সন্তানরা।

আমরা কি প্রার্থনা করতে পারি ?

117 প্রভু যীশু ! আগামীকালের জন্য যুবক, পুরুষ এবং মহিলা, যদি আগামীকাল থেকে থাকে। আমাদের অবশ্যই তাদের প্রশিক্ষণ দিতে হবে, প্রভু। আমরা সেই ভার অনুভব করি, আগামীকাল থাকবে বলে তাদের প্রশিক্ষণ দেওয়া। যদি না থাকে, তাহলে আজ সেই দিন।

118 আর তাহলে, পিতা, আমরা জানি যে আপনার দৃষ্টিতে কেউই গৃহীত হয় না। কোন মাংস গর্ব করতে পারে না। কোন শিক্ষা নয়, যদিও এই বিষয়গুলি যতটা ভাল হউক, কোন ভাল কাজ নয়, কোন ধর্মীয় প্রতিষ্ঠান নয়, কোন মনোবিজ্ঞান নয়, কোন কিছুই পবিত্র আত্মা ছাড়া ঈশ্বরকে নিশ্চিত করতে পারে না। তিনি সেই উপকরণ, স্বয়ং ঈশ্বর, অনন্ত জীবনের আকারে, যিনি আমাদের কাছে ব্যক্তিগত ভাবে আসতে পারেন। আর আমরা এর জন্য কৃতজ্ঞ।

119 সত্যই সেটি প্রকাশিত হয় যখন পিতর স্বীকারোক্তি করেছিলেন। যীশু তাকে বললেন, "কেননা রক্তমাংস তোমার নিকটে ইহা প্রকাশ করে নাই। আপনি এটি কখনও একটি সেমিনারিতে শেখেননি। আপনি এটি কোন বিদ্যালয়ে কখনও শেখেননি।" এটি একটি ব্যক্তিগত বিষয়, এটি এমন একটি বিষয় যা প্রতিটি ব্যক্তিকে গ্রহণ করতে হবে। আপনি বলেছেন, "এই পাথরের উপরে আমি আপন মণ্ডলী গাঁথিব, আর পাতালের পুরদ্বার সকল তাহার বিপক্ষে প্রবল হইবে না।" আমরা এর জন্য কৃতজ্ঞ, প্রভু।

120 সেই রব আজ রাতেও জীবিত রয়েছে। আর এখনও বিশ্বাসের পোস্ট, চৌকি, শোনার পোস্ট, গ্রহণকারী স্টেশন রয়েছে, যারা এটি গ্রহণ করতে পারে। আমরা প্রার্থনা করি যেন এই শিশুদের প্রত্যেকে এটি তাদের হৃদয়ে গ্রহণ করে, প্রভু। আর মনে রাখবেন, তারা ভালো হওয়ার জন্য যা করে তা নয়, কিন্তু তারা...আমরা যা করি তার দ্বারা ঈশ্বর আমাদের বিচার করেন না, কিন্তু আমরা যা গ্রহণ করেছি তার দ্বারা বিচার করেন। আমরা আমাদের বিশ্বাসের দ্বারা পরিত্রাণ পাই, আমাদের কাজের দ্বারা নয়। তাই আমরা প্রার্থনা করি, স্বর্গীয় পিতা, যেন তারা এখন দর্শনটি পায়, আর দেখে এবং শ্রবণ

করে সেই মহান চিরন্তন আমন্ত্রণ, "আইস, আমার পশ্চাদ্‌গামী হও।"

121 তাদের প্রত্যেকে, প্রভু, পৃথিবীর সমস্ত বিষয় থেকে, এই নশ্বর, তুচ্ছ জীবন থেকে দূরে সরে আসে। যেমন তারা আজ রাতে এখানে আছেন, এবং তাদের সোনালি স্বর্ণকেশী চুল, এবং তাদের মধ্যে কিছু তাদের কালো চুল নিয়ে, কালো চোখ, নীল চোখ, আর তাদের উত্তম স্থানে রয়েছেন যা তারা কখনও হতে পারেন।

122 আর যেমন মহান লেখক বলেছেন, "যৌবনকালে আপন সৃষ্টিকর্ত্তাকে স্মরণ কর, যেহেতু দুঃসময় আসিতেছে, এবং সেই বৎসর সকল সন্নিকট হইতেছে। যখন তুমি বলিবে, ইহাতে আমার প্রীতি নাই।" কিভাবে, প্রভু যীশু, আপনি পিতরকে বলেছিলেন, "যখন তুমি যুবা ছিলে, তখন আপনি আপনার কটি বন্ধন করিতে এবং যেখানে ইচ্ছা, বেড়াইতে। কিন্তু যখন বৃদ্ধ হইবে, তখন আর এক জন তোমার কটি বন্ধন করিয়া দিবে, ও যেখানে যাইতে তোমার ইচ্ছা নাই, সেইখানে তোমাকে লইয়া যাইবে।" তাদের স্মরণ করতে দিন, "এখন সেই দিন। এটাই সেই সময়।" এটা প্রদান করুন, পিতা।

123 আমি তাদের প্রত্যেককে দাবি করি, আমার নিজের সন্তানের জন্য, আজ রাতে এখানে, এখানে প্রতিটি সন্তানের কাছে। আমি অনুভব করি যে আপনি আমার হাতে রেখেছেন, তাদের দেখার জন্য। আমি তাদের সকলকে দাবি করি যীশু খ্রীষ্টের জীবনে, শয়তানের কাছ থেকে এবং মৃত্যু থেকে। আমেন।

124 তোমাদের আশীর্বাদ করুন, সন্তানরা। তোমাদের কিছু কথা বলে সত্যিই ভালো লাগলো। আর আমি ফিরে যাবো, বিলি। ভালো সন্তানরা, আপনাদের প্রশংসা করি। ভাই ফ্রেড, প্রভু আপনাকে আশীর্বাদ করুন। প্রভু আপনাকে আশীর্বাদ করুন, বোন।

63-0601 আইস, আমার পশ্চাদ্‌গামী হও
হাউস মিটিং
টুকসন, অ্যারিজোনা ইউ.এস.এ.

BENGALI

©2024 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

## কপিরাইট বিজ্ঞপ্তি

সর্বস্বত্ব সংরক্ষিত। এই বইটি, যীশু খ্রীষ্টের সুসমাচার ছড়িয়ে দেওয়ার একটি হাতিয়ার হিসাবে, ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বিতরনের জন্য ঘরের প্রিন্টারে মুদ্রিত করা যেতে পারে। ভয়েস অফ গড রেকর্ডিংস® এর লিখিত অনুমতি ব্যতীত এই বইটি বিক্রি করা, বৃহৎ আকারে পুনরুত্পাদন করা, ওয়েবসাইটে পোস্ট করা, একটি পুনরুদ্ধার সিস্টেমে সংরক্ষণ করা, অন্য ভাষায় অনুবাদ করা অথবা তহবিল চাওয়ার জন্য ব্যবহার করা যাবে না।

আরও তথ্যের জন্য অথবা অন্যান্য উপলব্ধ বিষয়ের জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন:

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org